



বেনজীরকে ফেরাতে দুবাইয়ে পাঠানো হয়েছে প্রত্যর্পণ আবেদন: স্বরাষ্ট্রমন্ত্রী



স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

দুবাইয়ে আটক পুলিশের সাবেক মহাপরিদর্শক (আইজিপি) বেনজীর আহমেদকে দেশে ফিরিয়ে আনতে প্রয়োজনীয় নথিপত্রসহ প্রত্যর্পণ আবেদন সংযুক্ত আরব আমিরাতে পাঠানো হয়েছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ।

শনিবার সচিবালয়ে আয়োজিত এক ব্রিফিংয়ে তিনি বলেন, আটকের পরই ১৪৪ পৃষ্ঠার মামলার নথি দুবাইয়ে পাঠানো হয়েছে। নির্ধারিত আইনি প্রক্রিয়া শেষে বেনজীরকে বাংলাদেশে ফেরত পাঠানো হবে বলে সরকার আশাবাদী।

মন্ত্রী জানান, বেনজীর আহমেদের বিরুদ্ধে বর্তমানে দেশে ছয়টি মামলা চলমান। এর মধ্যে একটি বিচারাধীন এবং বাকি মামলাগুলো তদন্ত পর্যায়ে রয়েছে। বন্দী প্রত্যর্পণ চুক্তি না থাকলেও পারস্পরিক আইনি সহায়তা (এমএলএ) কাঠামোর আওতায় সহযোগিতা চাওয়া হয়েছে।

আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে তিনি বলেন, অপরাধ নিয়ন্ত্রণে সরকার কঠোর অবস্থানে রয়েছে। বিশেষ করে মোহাম্মদপুর এলাকায় অপরাধ দমনে আলাদা পরিকল্পনা নেওয়া হয়েছে। একই সঙ্গে পুলিশের ভালো কাজকে পুরস্কৃত এবং অনিয়মের ক্ষেত্রে ব্যবস্থা নেওয়ার কথাও জানান তিনি।

স্বরাষ্ট্রমন্ত্রী আরও বলেন, ২৩ জুনকে কেন্দ্র করে নিষিদ্ধ ঘোষিত একটি গোষ্ঠী দেশে অস্থিতিশীলতা তৈরির চেষ্টা করতে পারে বলে সতর্কতা জারি করা হয়েছে।

উল্লেখ্য, ইন্টারপোলের রেড নোটিশের ভিত্তিতে গত ১২ জুন দুবাইয়ে আটক হন বেনজীর আহমেদ। আদালতের নির্দেশে দেশে থাকা তার বিপুল পরিমাণ জমি, ফ্ল্যাট ও অন্যান্য সম্পদ ইতোমধ্যে জব্দ করা হয়েছে। বিদেশে থাকা তার কিছু সম্পদ ও ব্যাংক হিসাবও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নজরদারিতে রয়েছে।